



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি./তথ্য ও জন./প্র.বি/২০০৯/৭০১

তাং- ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রি:

শোকবার্তা

সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে কুবি উপাচার্যের শোক

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী এবং বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) এক শোকবাণীতে মাননীয় উপাচার্য বলেন, বেগম খালেদা জিয়া ছিলেন বাংলাদেশের বহুদলীয় গণতন্ত্রের অতন্ত্র প্রহরী এবং দেশেপ্রেমের এক অদম্য প্রতীক। বাংলাদেশ, খালেদা জিয়া ও গণতন্ত্র ওৎপ্রোতভাবে জড়িত। যিনি তাঁর জীবদ্দশায় কখনো আপোস করেননি। তিনি দেশ ও জাতির কল্যাণে আজীবন কাজ করে গেছেন। গণতন্ত্র ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় তাঁর নিরলস সংগ্রাম ও সাধনা ভবিষ্যৎ প্রজন্মকে যুগ যুগ ধরে দিক নির্দেশনা দিবে। খালেদা জিয়া তাঁর রাজনৈতিক জীবনে বহু চড়াই উৎরাই পেরিয় জনগণের ভালোবাসা এবং অকুণ্ঠ সমর্থনে গৃহবধু থেকে প্রধানমন্ত্রীর আসনে বসেছিলেন তিনবার।

তাঁর সরকারের দৃঢ়পদক্ষেপে কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন মহান জাতীয় সংসদে পাশ হয় এবং তাঁর হাত ধরেই প্রতিষ্ঠিত হয়েছে আমাদের কুমিল্লা বিশ্ববিদ্যালয়।

তাঁর ইত্তেকালে দেশ এক অভিজ্ঞ, প্রজ্ঞাবান ও প্রভাবশালী রাজনৈতিক অভিভাবককে হারালো, যা বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে দীর্ঘমেয়াদি শূন্যতার সৃষ্টি করলো।

মাননীয় উপাচার্য বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
৪. সংশ্লিষ্ট নথি।